

# মহিলাদের জন্মস্থুর টিউমার

জনতার নিউজ ২৪.কম: মহিলাদের প্রজননক্ষম বয়সে জন্মস্থুরে সবচেয়ে বেশি যে টিউমারটি হতে দেখা যায় তা হলো ফাইব্রয়েড বা মায়োমা। জন্মস্থুর পেশির অতিরিক্ত ও অস্বাভাবিক বৃদ্ধির ফলে এই টিউমারের সৃষ্টি হয়। ৩০ বছরের উক্ষে নারীদের মধ্যে ২০ শতাংশই এই সমস্যায় আক্রান্ত। ফাইব্রয়েড এক ধরনের নিরীহ টিউমার, এটি ক্যানসার বা বিপজ্জনক কিছু নয়।

তবে দুটো সমস্যার কারণে সুচিকিৎসা দরকার। এক. এর ফলে অতিরিক্ত মাসিক হওয়া এবং তার জন্য রক্তশূন্যতা হতে পারে। দুই, এটিকে বন্ধ্যাস্ত্রের একটি অন্যতম কারণ হিসেবে বিবেচনা করা হয়।

এ ধারণা সব সময় সবার ক্ষেত্রে প্রযোজ্য না-ও হতে পারে। কেবল ২৫ শতাংশ ফাইব্রয়েড টিউমার আজীবন কোনো সমস্যাই করে না। মোটামুটি বেশির ভাগ ক্ষেত্রে কমবেশি অতিরিক্ত রক্তক্ষরণ বা অনিয়মিত মাসিক বা তলপেট ভারী বোধ হওয়া ইত্যাদি উপসর্গ হয়।

২৭ থেকে ৪০ শতাংশ ক্ষেত্রেই কেবল এটি বন্ধ্যাস্ত্রের কারণ হয়ে উঠতে পারে, যদি নিচের ঘটনাগুলো ঘটে:

১. যদি ফাইব্রয়েডের কারণে জন্মস্থুর অতিরিক্ত বড় হয়ে যায়,
২. জন্মস্থুর ভেতরের দেয়ালে রক্তনালির সংখ্যা অনেক বৃদ্ধি পাওয়ার কারণে ক্রুণ ঠিকমতো বেড়ে উঠতে পারে না,
৩. জন্মস্থুর ও ফ্যালোপিয়ান টিউবের সংযোগস্থলে বা এমন কোনো জায়গায় টিউমারটির অবস্থান হয়, যা ক্রুণকে সুস্থিত হতে বাধা দেয়।

যাঁদের বন্ধ্যাস্ত্রের মতো সমস্যা দেখা যাচ্ছে বা বারবার গভর্পাত হচ্ছে, তাঁদের ফাইব্রয়েড থাকলেও বন্ধ্যাস্ত্রের অন্য কারণগুলোকে শনাক্ত করা উচিত। কারণ, মূল সমস্যাটি ফাইব্রয়েড না-ও হতে পারে। মায়োমেকটমি অঙ্গোপচারের মাধ্যমে ফাইব্রয়েডকে জন্মস্থুর দেয়াল থেকে তুলে এনে আবার তা সেলাই করে দেওয়া হয়। জন্মস্থুর কেটে ফেলার প্রয়োজন হয় না। বর্তমানে এই অঙ্গোপচার পেট কেটে বা ছিদ্র করে উভয় পদ্ধতিতেই করা হয়। তবে অঙ্গোপচার দরকার হোক বা না হোক, কিছু বিষয় জেনে রাখা জরুরি।

যেমন: ১. এই অঙ্গোপচারে বেশ রক্তপাত হতে পারে। ২০ থেকে ২৫ শতাংশ ক্ষেত্রে অঙ্গোপচারের সময় জন্মস্থুর কেটে ফেলে দেওয়ার মতো সিদ্ধান্ত নিতে হতে পারে। ২. অঙ্গোপচারের পর আবার ফাইব্রয়েড হওয়ার সম্ভাবনা ১০ থেকে ১৫ ভাগ। ৩. অঙ্গোপচারের পর গভর্পাতের সম্ভাবনা ৪০ থেকে ৬০ ভাগ। এটি নির্ভর করে ফাইব্রয়েড টিউমারের সংখ্যা, আকার এবং অঙ্গোপচারের সফলতার ওপর। ফাইব্রয়েড অঙ্গোপচারের পর গভর্পাত করলে অবশ্যই ভালো সুযোগ-সুবিধা আছে এমন হাসপাতালে সন্তান প্রসব করাতে হবে। সুত্র: ইন্টারনেট

## র্যাফকো ক্ষুদ্র ও কুটির শিল্প

Mobile : 01911359077

Email: rafcopnd@gmail.com

